**অতীব জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১২.২৪/২৪

তারিখ: ২০ ভাদ্র ১৪৩১
০৪ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৪ এর আওতায় Online Software ব্যবহার করে তথ্য প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং সরবরাহের দায়িত্বে নিয়োজিত একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। এ লক্ষ্যে প্রতিবছর দেশের প্রথমিকোত্তর স্তরের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা করে। দেশের প্রথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Education Statistics ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ, শিক্ষা সংশ্লিষ্ট প্রধান কৃতকর্ম নির্দেশক প্রস্তুত, মন্ত্রণালয়ের তথ্য প্রদান, UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রদানে বিলম্ব ঘটে, ফলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশ এর সঠিক অবস্থান প্রতিফলিত হয় না।

২। বর্ণিতাবস্থায় নিম্নোক্ত তারিখ মোতাবেক প্রতিষ্ঠানের যাবতীয় তথ্য Online Software ব্যবহার করে ব্যানবেইস এর সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| শিক্ষা অঞ্চল | তথ্য প্রদানের মেয়াদ |
|---|---|
| ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ০১-০৮ অক্টোবর ২০২৪ |
| খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ০৯-১৬ অক্টোবর ২০২৪ |
| গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা | ১৭-২৪ অক্টোবর ২০২৪ |

৩। প্রতিষ্ঠানে ইন্টারনেট (Online) সুবিধা না থাকলে নিকটস্থ উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE), ব্যানবেইস এর সাইবার সেন্টার থেকে তথ্য প্রেরণ করতে পারবেন। শিক্ষা জরিপে তথ্য প্রদানের জন্য ব্যানবেইস (www.banbeis.gov.bd) এর ওয়েবসাইটে প্রবেশ করুন। অত:পর শিক্ষা জরিপ ২০২৪ মেনু ক্লিক করে, ইউজার আইডিতে: প্রতিষ্ঠানের EIIN লিখুন এবং পাসওয়ার্ড: 532688 দিয়ে Login করুন। শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ফরম নির্দেশিকা (Manual) ও তথ্যছকসমূহ আগামী ১ অক্টোবর ২০২৪ থেকে ব্যানবেইস এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪/৯/২০২৪
(প্রফেসর মোঃ আনোয়ার হোসেন মৃধা)
পরিচালক (পরিসংখ্যান)
ফোন: +৮৮-০২- ৪১০৬০৭৩৩
E-mail: anwarmridha1968@gmail.com

১। অধ্যক্ষ, ..........................................................................
২। প্রধান শিক্ষক, ..................................................................
৩। সুপারিনটেনডেন্ট, .............................................................

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ................................অঞ্চল;
৭। উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ................................অঞ্চল;
৮। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ................................অঞ্চল;
৯। জেলা শিক্ষা অফিসার ..........................................;
১০। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার..................................................;
১১। অফিস নথি।